NEW YORK
STATE OF
OPPORTUNITY.

Justice Center for the Protection of People with Special Needs

আইন কেন্দ্র রিপোর্টিং এবং তদন্ত:
ব্যক্তি এবং পরিবারসমূহের জন্য নির্দেশনা

মার্চ 2015

161 ডেলাওয়্যার এভিনিউ, ডেলমার, নিউ ইয়র্ক
12054 518-549-0200
www.justicecenter.ny.gov

লক্ষ্য

বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তিদের নির্যাতন, অবহেলা এবং দুর্ব্যবহারের হাত থেকে রক্ষা করতে হবে। রাষ্ট্র জাতির স্বাস্থ্য, নিরাপত্তা এবং মর্যাদার সর্বোচ্চ মান নিশ্চিত করার মাধ্যমে এটি সম্পন্ন হবে; এবং সেবা প্রদানে নিবেদিত পুরুষ এবং মহিলাদের সমর্থন করার মাধ্যমে।

উদ্দেশ্য

বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তি এবং প্রতিবন্ধী ব্যক্তিদের নাগরিক অধিকার রক্ষা, দুর্ব্যবহার প্রতিরোধ এবং নির্যাতন ও অবহেলার সব অভিযোগের তদন্ত করার মাধ্যমে তাদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং মর্যাদা রক্ষা এবং সমর্থন করার জন্য বিচার বিভাগ প্রতিজ্ঞাবদ্ধ।

মূল্য এবং পথনির্দেশক নীতিসমূহ

সততা বিচার বিভাগ বিশ্বাস করে যে, বিশেষ চাহিদা সম্বলিত প্রতিটি ব্যক্তির সাথে একই রকম ব্যবহার করা উচিত এবং তাদের অধিকারসমূহ রক্ষা করতে হবে।

গুণমান বিচার বিভাগ উচ্চতর সেবা প্রদান এবং বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তিরা যেন মান সম্পন্ন সেবা পান সেই ক্ষেত্রে প্রতিজ্ঞাবদ্ধ।

দায়িত্ব যে সকল ব্যক্তিদের আমরা সেবা প্রদান করি, তাদের প্রতি আমাদের দায়িত্ব এবং জনগণই যে প্রধান এই সকল বিষয় বিচার বিভাগ বুঝতে পারেন।

শিক্ষা বিচার বিভাগ বিশ্বাস করেন যে ভালো কাজের প্রচার, প্রশিক্ষণ এবংপদোন্নতি সিস্টেম পরিবর্তনের ক্ষেত্রে অপরিহার্য হতে পারে।

সহযোগিতা বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তিদের সুরক্ষা প্রদান করা একটি ভাগ করা দায়িত্ব এবং বিচার বিভাগ এতে সফল, কারণ তারা নির্যাতন এবং অবহেলা প্রতিরোধ করার জন্য বিভিন্ন সংস্থা, সরবরাহকারী যারা সরাসরি সেবা প্রদান করে, এবং বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তিদের সাথে একত্রে কাজ করেন।

বিচার ব্যবস্থা

বিচার বিভাগ ছয়টি স্টেট অভারসাইট এজেন্সি (SOA) এর সিস্টেমের মধ্যে, সুযোগ ব্যবস্থা এবং কার্যক্রম দেখাশোনা করেন।

অফিস ফর পিপল উইথ ডেভেলাপমেন্ট ডিজেবিলিটিজ (ওপিডাব্লিউডিডি)

- ওপিডাব্লিউডিডি দ্বারা পরিচালিত অথবা অনুমোদিত সুযোগ ব্যবস্থা এবং কার্যক্রমসমূহ।

অফিস অব মেন্টাল হেল্থ (ওএমএইচ)

- ওএমএইচ দ্বারা পরিচালিত এবং অনুমতিপ্রাপ্ত সুযোগ ব্যবস্থা এবং কার্যক্রমসমূহ।

অফিস ফর অ্যালকোহলিজম অ্যান্ড সাবসটেন্স অ্যাবিউস সার্ভিসেস (ওএএসএএস)

- ওএএসএএস দ্বারা পরিচালিত, অনুমোদিত এবং অনুমতিপ্রাপ্ত সুযোগ ব্যবস্থা এবং সেবা প্রদানকারীগণ।

অফিস অব চিলড্রেন অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (ওসিএফএস)

- ওসিএফএস এর মহাপরিচালক দ্বারা হেফাজতে নেওয়া যুবকদের জন্য, ওসিএফএস দ্বারা পরিচালিত সুযোগ ব্যবস্থা এবং কার্যক্রমসমূহ।
- পরিত্যক্ত, নির্যাতিত, অবহেলিত এবং নির্ভরশীল শিশু, তত্ত্বাবধান প্রত্যাশী ব্যক্তিগণ অথবা অপ্রাপ্তবয়স্কদের সেবার জন্য OCFS দ্বারা পরিচালিত অথবা অনুমোদিত আবাসন সুযোগ সুবিধা
- প্রাপ্তবয়স্কদের জন্য পারিবারিক বৃদ্ধাশ্রম
- পলাতক এবং গৃহহীন তরুণদের জন্য ওসিএফএস দ্বারা অনুমোদিত কার্যক্রমসমূহ
- ওসিএফএস দ্বারা পরিচালিত যুবক আটক সুবিধাসমূহ

ডিপার্টমেন্ট অব হেলথ (ডিওএইচ)

- ডিওএইচ দ্বারা অনুমোদিত 80 শয্যা বিশিষ্ট প্রাপ্তবয়স্ক সেবা কার্যক্রম, এবং যেখানে কমপক্ষে 25% অধিবাসী হচ্ছেন গুরুতর মানসিকভাবে অসুস্থ এবং যেখানে 55% এর কম শয্যা ঘুমানোর জন্য সাজানো হয়েছে।
- ডিওএইচ এর আইনের অধীনে উন্নয়নশীল প্রতিবন্ধী শিশুদের জন্য করা রাত্রীকালীন, গ্রীষ্মকালীন, গ্রীষ্মকালীন ভ্রমণ ক্যাম্পসমূহ।

স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (**SED**)

- নিউ ইয়র্ক সিটির অন্ধদের জন্য বিদ্যালয়
- নিউ ইয়র্ক সিটির বধিরদের জন্য বিদ্যালয়
- রাষ্ট্র অনুমোদিত বিদ্যালয়সমূহ (4201), যেখানে আবাসন ব্যবস্থা রয়েছে
- ডিস্ট্রিক্টের বিশেষ আইনি বিদ্যালয়
- রাষ্ট্রের বিশেষ শিক্ষা সেবা এবং কার্যক্রমের জন্য এসইডি অনুমোদিত মালিকানাধীন আবাসিক বিদ্যালয়
- নিউ ইয়র্ক সিটির বাইরের আবাসিক বিদ্যালয়সমূহ অথবা প্রকল্পসমূহ যা নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের সেবা করে।

বিচার বিভাগের লক্ষ্য হলো বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তিদের সাথে হওয়া দুর্ব্যবহার প্রতিরোধ করা এবং নির্যাতন অথবা অবহেলার সকল অভিযোগের পূর্ণ তদন্ত নিশ্চিত করা। বিচার বিভাগ তাদের কর্মীদের দ্বারা- এর মধ্যে কর্মচারীগণ, স্বেচ্ছাসেবীগণ, প্রশিক্ষণ গ্রহণকারীগণ, পরামর্শকারীগণ অথবা ঠিকাদারগণ অন্তর্ভুক্ত- প্রতিটি ব্যক্তি যারা সেবা গ্রহণ করে, তাদের সাথে হওয়া নির্যাতন এবং অবহেলার প্রতিটি অভিযোগের তদন্ত করে, পর্যালোচনা করে এবং তা খুঁজে বের করে। যারা সেবা গ্রহণ করে বিচার বিভাগ তাদের প্রশ্ন, গ্রেফতার অথবা অভিযুক্ত করে না।

যদি আপনি, অথবা আপনার পরিবার বিচার বিভাগের কোনো তদন্তের সাথে ক্ষতিগ্রস্ত ব্যক্তি অথবা সাক্ষীর সাথে যুক্ত থাকেন,তাহলে আপনার কাছ থেকে অতিরিক্ত তথ্য বের করার প্রতিবেদন এবং তদন্তের কৌশল সম্পর্কে এই দলিলে বর্ণনা করা হয়েছে।

একটি প্রতিবেদন তৈরি

কে নির্যাতন অথবা অবহেলার অভিযোগ জমা দিতে পারেন?

পিতামাতা, উকিল, অথবা অভিভাবকসহ যে কেউ ভালনারেবল পারসন্স সেন্ট্রাল রেজিস্টার (ভিপিসিআর) হেল্পলাইনে প্রতিবেদন জমা দিতে পারবেন, এবং যখন তারা কোনো বিশেষ চাহিদা সম্বলিত ব্যক্তির উপর নির্যাতন, অবহেলা অথবা দুর্ব্যবহারের ঘটনার সম্পর্কে জানতে পারবেন তারা যেন অভিযোগ করেন সেই বিষয়ে উৎসাহিত করেন।

কিন্তু,কিছু ব্যক্তিদের VPCRএর কাছে প্রতিবেদন জমা দেওয়া আবশ্যক। এই সকল ‘আবশ্যক প্রতিবেদকের” মধ্যে প্রদানকারী সংস্থার কর্মচারী এবং জনসেবা কর্মচারীগণ অন্তর্ভুক্ত, যারা তাদের কাজের ধরন অনুযায়ী অবশ্যই নির্যাতন এবং অবহেলার অভিযোগ জমা দেওয়া আবশ্যক।

“**ভালনারেবল পারসন্স সেন্ট্রাল রেজিস্টার) VPCR**(” হচ্ছে একটি বিনামূল্য সেবা নম্বর এবং নির্যাতন অথবা অবহেলার ঘটনার অভিযোগ জমা দেওয়ার মাধ্যম, যা দিনে 24 ঘণ্টা এবং সপ্তাহে 7 দিন পাওয়া যায়।

1-855-373-2122
1-855-373-2123 (TTY)

VPCR হেল্পলাইনে কে প্রতিবেদন জমা দিয়েছে সেটা কি আমি খুঁজে বের করতে পারবো?

যে সকল ব্যক্তিগণ ভিপিসিআর সেবা নম্বরে প্রতিবেদন জমা দিয়েছেন তাদের নামসমূহ অথবা যারা তদন্তে সাহায্য করেছেন তাদের নামসমূহ বিচার বিভাগ প্রকাশ করতে পারেন না।

একটি প্রতিবেদন জমা দেওয়ার পর কী হয়?

ফোন সেবা কেন্দ্রের প্রতিনিধি প্রথমে জরুরি উত্তর দেয়া প্রয়োজন কিনা এবং/অথবা সেবা গ্রহণকারী ব্যক্তিটির কোনো বিপদে পরেছেন কি না অথবা তাৎক্ষনিক সাহায্য প্রয়োজন কি না তা নিশ্চিত করবেন। যদি এটি কোনো জরুরি অবস্থা হয় তাহলে ফোন সেবা কেন্দ্রের প্রতিনিধি ফোনকারীকে একটু পরে 9-1-1 নম্বরে ফোন করার কথা বলবেন। এরপর প্রতিবেদনকারীর পুনরায় ফোন করে জরুরি বিষয়টির সমাধান হয়েছে কি না তা নিশ্চিত করতে হবে।

একটি **“রাষ্ট্র পরিচালিত সংস্থা”** প্রদানকারী সংস্থাকে অনুমোদন অথবা অনুমতি প্রদান করে।

ইনটেক

ফোন সেবা কেন্দ্রের একজন প্রতিনিধি প্রতিবাদনকারীর কাছ থেকে তথ্য সংগ্রহ করবেন এবং একটি ঘটনাটির জন্য একটি নম্বর দেবেন। গোপনীয়তা আইনটি প্রতিবাদনকারীকে সুরক্ষা প্রদান করে। ফোনটি লিপিবদ্ধ করা হয়েছে।

শ্রেণিবিন্যাস

অতঃপর ঘটনাটির শ্রেণিবিন্যাস করা হয়।

প্রতিবেদন যোগ্য

- নির্যাতন অথবা অবহেলা
- নির্দিষ্ট ঘটনা
- মৃত্যু (প্রশাসনিক)
- আর্থিক

প্রতিবেদন যোগ্য নয়

- সাধারণ অনুসন্ধান
- বিচার বিভাগের বিচারাধীন নয় এমন

নিয়োগ

তারপর ঘটনাটি তদন্ত করার জন্য উপযুক্ত সংস্থার কাছে দেওয়া হয়।

বিচার বিভাগ নির্যাতন অথবা অবহেলার ঘটনা (নির্দয়তা এবং পরিবেশের উপর ভিত্তি করে), আর্থিক ক্ষতি এবং মৃত্যুর তদন্ত করে থাকে। কম গুরুত্বপূর্ণ ঘটনাগুলি রাষ্ট্র পরিচালিত সংস্থা গুলিকে দেওয়া হয়, পবর্তীতে তা সরবরাহকারী সংস্থার কাছে পাঠানো হতে পারে।

বিভিন্ন ধরনের শ্রেণিবিভাগ কি কি?

- **নির্যাতন:** নির্যাতন শারীরিক, যৌন অথবা মানসিক বিভিন্ন ধরনের হতে পারে। এর সাথে বদ্ধ অবস্থার ইচ্ছাকৃত অপব্যবহার অথবা তদন্তে বাধা দেয়াকেও যুক্ত করা যেতে পারে।
- **অবহেলা:** অবহেলা হচ্ছে তত্ত্বাবধান প্রদানের অক্ষমতা, পর্যাপ্ত খাবার, কাপড়, আশ্রয়, স্বাস্থ্য সেবা অথবা শিক্ষাক্ষেত্রে প্রবেশ করাতে ব্যর্থ হওয়া।
- **গুরুত্বপূর্ন ঘটনাঃ** একটি গুরুত্বপূর্ণ ঘটনা হচ্ছে একজন সেবা গ্রহনকারীর স্বাস্থ্য, সুরক্ষা এবং কল্যাণে ক্ষতি সাধন করার ক্ষমতা রাখে।
- **মৃত্যু (প্রশাসনিক):** যে ব্যক্তি বিচার বিভাগের মৃত্যুর প্রদিবেদন বিচার ব্যবস্থার অধীনে থাকা কোনো সুযোগ ব্যবস্থা অথবা কার্যাক্রম থেকে সেবা গ্রহন করছিলেন, তাদের মৃত্যুর সাথে সাথে অবশ্যই বিচার বিভাগে প্রতিবেদন জমা দিতে হবে। আরো তদন্তের প্রয়োজন আছে কিনা তা দেখার জন্য প্রতিটি মৃত্যুর প্রতিবেদন পুনরায় দেখা হয়। যদি কোনো মৃত্যুকে নির্যাতন অথবা অবহেলার ফলস্বরুপ সন্দেহ করা হয়, তাহলে সেই প্রতিবেদিনটি আলাদাভাবে VPCR হেল্পলাইনে জমা দিতে হবে।
- **অর্থের অপব্যবহার:** কোনো সেবা গ্রহণকারীর ব্যক্তিগত তহবিলে চুরি অথবা কোনো রাষ্ট্রীয় তহবিলের অব্যবস্থাপনা যা তাদের সেবাকারী কার্যক্রমকে সমর্থণ করত,এই সব কিছু বিচার বিভাগ দ্বারা পর্যালোচনা করা হয় এবং তা প্রধান মেডিকেইড পরিদর্শকের কাছে অথবা প্রয়োজন অনুসারে অন্যান্য উপযুক্ত সংস্থার কাছে পাঠানো হয়।

তদন্তের সময়কালীন

তদন্তের সময় কাকে জিজ্ঞাসাবাদ করা যেতে পারে?

যে সকল ব্যক্তি সেবা গ্রহণ করেন, যাদের ক্ষতি হয়েছে বা তার সাক্ষী, এবং অন্য সব ব্যক্তি যারা তা দেখেছেন বা অন্য কোনো মাধ্যমে তথ্য পেয়েছেন, তদন্তকারী তাদের সবাইকে জিজ্ঞাসাবাদ করতে পারেন। তদন্তকারী সেই সকল অভিযুক্ত ব্যক্তি (কর্মচারী, স্বেচ্ছাসেবী, প্রশিক্ষণকারী, পরামর্শদাতা অথবা নির্মাতা) জিজ্ঞাসাবাদ করবেন যারা নির্যাতন অথবা অবহেলার ঘটনার জন্য অভিযুক্ত।

"**বিষয়বস্তু**" হচ্ছেন তারা, যাদের নাম নির্যাতন ও অবহেলার ঘটনা ঘটানোর জন্য অভিযুক্ত। শুধুমাত্র কর্মচারীরাই বিষয়বস্তু হিসেবে বিবেচিত হবেন, সেবা গ্রহণকারীরা নন।

যদি আমাকে ক্ষতিগ্রস্থ ব্যক্তি বা সাক্ষী হিসাবে জিজ্ঞাসাবাদ করা হয় তাহলে আমি কি আশা করতে পারি?

জিজ্ঞাসাবাদ করার উদ্দেশ্য হচ্ছে আপনি অভিযোগটি সম্পর্কে কি জানেন তা জানার চেষ্টা করা। আপনাকে জিজ্ঞাসাবাদ করার স্থান, তারিখ এবং সময় সব কিছু জানিয়ে দেয়া হবে। আপনাকে জিজ্ঞাসাবাদ করাটি হল স্বেচ্ছাসেবী এবং আপনি জিজ্ঞাসাবাদের সময় বিরতিও নিতে পারবেন। আপনি জিজ্ঞাসাবাদের সময় বাড়িতে যেতে চান কিনা তা জিজ্ঞাসাকারীকে জানাতে হবে অথবা আপনাকে যা বলা হয়েছে তা না বুঝলে সেটিও জানাতে হবে।

তদন্তের পদ্ধতি হিসেবে, তদন্তকারী বিভিন্ন উপাদান এবং নথিপত্র সংগ্রহ করবেন। তদন্তকারী তদন্ত সম্পন্ন করার জন্য যে কোনো ব্যক্তিগত জিনিস দেখতে চাইতে পারেন।

আমাকে ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসেবে চিহ্নিত করা হয়েছে আমি কিভাবে বুঝবো?

যদি আপনাকে কোনো নির্যাতন অথবা অবহেলার অভিযোগের ক্ষতিগ্রস্ত ব্যক্তি হিসেবে চিহ্নিত করা হয়, তাহলে সেই সুযোগব্যবস্থা অথবা কার্যক্রম 24 ঘন্টার মধ্যে আপনাকে জানিয়ে দেবেন। আপনাকে VPCR থেকে একটি অনুমোদন নাম্বার দেয়া হবে। যদি সেই প্রতিবেদন সম্পর্কে কোনো নতুন তথ্য পান তাহলে দয়া করে তা সেই নাম্বারে ফোন করে জানাবেন, অথবা সেই প্রতিবেদন সম্পর্কে আপনার কিছু জানার থাকলে ফোন করতে পারেন।

কোনো প্রতিবেদন করা হয়ে গেলে কথিত ক্ষতিগ্রস্ত ব্যক্তির পিতা মাতা, অভিভাবক অথবা ব্যক্তিগত প্রতিনিধিরা কি বিজ্ঞপ্তি পান?

হ্যাঁ। VPCR হেল্পলাইনে রিপোর্ট জমা করা হয়ে গেছে, এটি প্রকল্প অথবা সরবরাহকারীরা জানার পর, প্রকল্প বা সরবরাহকারী সংস্থাটি বৈধ অভিভাবক অথবা ব্যক্তিগত প্রতিনিধির কাছে বিজ্ঞপ্তি পাঠিয়ে দেন। তারপর, বৈধ অভিভাবক অথবা ব্যক্তিগত প্রতিনিধিকে, সে/ তার সাথে যোগাযোগ করে তদন্ত কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার সব থেকে ভাল পথ সম্পর্কে জিজ্ঞেস করেন।

তদন্তের সময় কি ঘটে?

তদন্ত করার জন্য একজন তদন্তকারীকে নিযুক্ত করা হয়। অভিযোগের প্রবলতা এবং অবস্থার উপর ভিত্তি করে, বিচার বিভাগ, স্টেট অভারসাইট এজেন্সি অথবা সরবরাহকারীদের মাধ্যমে তদন্ত পরিচালনা করা হয়। তদন্ত কে পরিচালনা করেছে সেটা বিবেচনায় রেখে, তদন্ত শেষ হলে বিচার বিভাগ পুনরায় তা পর্যবেক্ষণ করেন। পর্যালোচনা পদ্ধতির সমাপ্তি হিসেবে, বিচার বিভাগ কোনো অভিযোগকে সমাপ্ত অথবা অসমাপ্ত বলে ঘোষণা করেন।

"ব্যক্তিগত প্রতিনিধি" হচ্ছেন এমন ব্যক্তি যিনি বৈধভাবে সেবা গ্রহণকারীর পক্ষে কাজ করার জন্য অনুমতি প্রাপ্ত।

কিভাবে একজন পিতামাতা, অভিভাবক অথবা একজনের জন্য বৈধভাবে দায়ী কোনো ব্যক্তি একটি তদন্তের ফলাফল খুজে পাবেন?

বিচার বিভাগ কোনো তদন্তে খুজে পাওয়া বিষয় সম্পর্কে, একজন সেবা গ্রাহকের পিতামাতা, অভিভাবক অথবা বৈধভাবে সম্পর্কযুক্ত কোনো ব্যক্তির কাছে লিখিত ভাবে বিজ্ঞাপন প্রদান করবেন। নির্যাতন বা অবহেলার অভিযোগটি সম্পাদন করা হয়েছে নাকি হয়নি, এই সব কিছু নিরুপন চিঠিতে উল্লেখ করা থাকবে। তদন্তে খুজে পাওয়া সকল বিষয় ভালনারেবল পারসন্স সেন্ট্রাল রেজিস্টার (VPCR) শাখায় রক্ষণাবেক্ষণ করা হয়। নির্ণেয় বিষয়গুলি চূড়ান্ত করা হয়ে গেলে, বৈধ অভিভাবকগণ অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করতে পারবেন। সরবরাহকৃত প্রতিবেদনগুলি ব্যক্তিগত পরিচয় এবং গোপনীয় তথ্য মুছে ফেলার জন্য পুনরায় করা হবে। তথ্যের সংবেদনশীল এবং গোপনীয় ধর্মের কারণে এবং একজন ফোনকারীর পরিচয় যাচাই করতে না পারার কারনে, প্রতিবেদনের তথ্য এবং তদন্তের অতিরিক্ত তথ্য ফোনের মাধ্যমে জানানো যায়না।

জনাথনের আইন বলতে কি বোঝ?

অফিস ফর পিপল উইথ ডেভেলাপমেন্ট ডিজেবিলিটিজ (ওপিডাব্লিউডিডি),**অফিস অব মেন্টাল হেল্থ (ওএমএইচ),অফিস ফর এলকোহলিজম অ্যান্ড সাবসতেন্স এবিউস সার্ভিসেস** (ওএএসএএস) দ্বারা পরিচালিত, অনুমতিপ্রাপ্ত অথবা অনুমোদিত সুযোগ ব্যবস্থাকে অবশ্যই সেবা গ্রহনকারী শিশু এবং বৃদ্ধদের, দুর্ঘটনা অথবা ক্ষত সম্পর্কে ফোন করার মাধ্যমে তাদের পিতামাতা অথবা বৈধ প্রতিনিধিদের কাছে জানাতে হবে। এই আইন যোগ্য ব্যক্তিদেরো সেই ঘটনার সাথে সম্পর্কিত কিছু দলিল দেখার অনুমতি প্রদান করে। এই পদ্ধতির আরো তথ্যের জন্যঃ
www.justicecenter.ny.gov/resources/brochures/jonathans-law

জনাথনের আইন মতে **"যোগ্য ব্যক্তি"** হলেনঃ
- পিতামাতা অথবা অন্য স্থিতিশীল বৈধ অভিভাবক
- পিতামাতা, বৈধ অভিভাবক, স্ত্রী, বৃদ্ধ পিতামাতার বড় সন্তান যারা বৈধভাবে তাদের স্বাস্থ্য সেবার সিদ্ধান্তকারী
- বয়স্ক রোগী যাদের আদালত থেকে আইনীভাবে অযোগ্য বলা হয়নি।

অপরাধমূলক মামলার সময় কী ঘটে?

বিশেষ পরিচালক কার্যালয় তদন্ত পরিচালনা করতে সাহায্য করে এবং নির্যাতন এবং অবহেলার অভিযোগ পরিচালনাকারীদের অপরাধমূলক কার্যক্রমের পর্যায়ে পরে সেই সকল ঘটনার দিকে অগ্রসর করে। বিশেষ পরিচালকদের একটি দল এবং বিচার বিভাগের তদন্তকারীদের একটি দল একটি গ্রেফতারের প্রমান জমা করার জন্য একত্রে কাজ করেন, এরপর দণ্ডাজ্ঞ অথবা অজুহাত পাওয়ার জন্য একটি সাধারণ অভিযোগ দায়ের করেন যাতে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়। অপরাধমূলক তদন্তে সাধারণত ক্ষতিগ্রস্ত ব্যক্তি অথবা সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করা হয়। এছাড়াও, বিচার বিভাগ অপরাধমূলক বিষয়গুলি নির্মূল করার জন্য স্থানীয় জেলা আইনজীবী এবং আইন প্রণয়ন সংস্থার সাথে কাজ করেন। যদি বিচার বিভাগ কোনো পরিচালককে অনুসরণ করে, তাহলে পরিচালনা শাখার সাথে সাহায্যকারী প্রতিটি ব্যক্তি এবং পরিবার সমর্থন শাখাগুলি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সমন্বয় সেবা সমূহ প্রদান করে থাকে।

তদন্ত সম্পন্ন হওয়ার পরবর্তী সময়কালীন

তদন্তের সম্ভাব্য ফলাফল কি হতে পারে?

নির্যাতন বা অবহেলার সাথে সম্পৃক্ততার অভিযোগ **প্রমাণিত** বা **অপ্রমাণিত** হিসেবে নির্ধারণ করা হয়।

সম্পৃক্ততার পক্ষে যথেষ্ট প্রমাণ থাকলে সম্পৃক্ততার ব্যাপারটি হয়তো প্রমাণিত হয়। যথেষ্ট প্রমাণ এর অর্থ হলো প্রমাণসমূহের পর্যালোচনার ফলাফল এরূপ যে নির্যাতন বা অবহেলা না ঘটার থেকে ঘটার সম্ভাবনাই বেশি। প্রখরতার ভিত্তিতে নির্যাতন বা অবহেলার প্রমাণের রিপোর্টকে চারটি শ্রেণির একটিতে ভাগ করা হয়ে থাকে।
অপ্রমাণিত রিপোর্ট তৎক্ষণাৎ সীল করা হয়ে থাকে। অপ্রমাণিত রিপোর্ট এর জন্য অন্য কোনো প্রতিরোধমূলক প্রভাব থাকে না, যার মধ্যে শাস্তিমূলক ব্যবস্থাও অন্তর্ভুক্ত।

এক নজরে ফলাফলের শ্রেণিবিভাগ

শ্রেণি 1: গুরুতর শারীরিক নির্যাতন, যৌন নির্যাতন বা কারো দ্বারা গুরুতর খারাপ। একটি শ্রেণি 1 নিশ্চিতকরণের ফলে তা উক্ত ব্যক্তিকে স্ট্যাফ এক্সক্লুশন লিস্ট (এসইএল) এর অন্তর্ভুক্ত করে। এর ফলে শ্রেণি 2 এর নিদর্শন তৈরি করে যা পূর্ববর্তী শ্রেণি 2 এর প্রাপ্ত ফলাফলের তিন বছরের মধ্যে ঘটে থাকে। এসইএল এর অন্তর্ভুক্ত ব্যক্তি আজীবনই এই তালিকায় থেকে যায়।

শ্রেণি 2: একজন ব্যক্তি যিনি নির্যাতন বা অবহেলামূলক কাজ করে কোন সেবা গ্রহীতার স্বাস্থ্য, সুরক্ষা বা কল্যাণকে উল্লেখযোগ্যভাবে বিপদের মুখে ঠেলে দেয়। শ্রেণি 2 এর অপরাধসমূহ পাঁচ বছর পর সীল করে দেওয়া হয়।

শ্রেণি 3: নির্যাতন বা অবহেলার তুলনামূলকভাবে কম গুরুতর ঘটনা। রিপোর্টসমূহ পাঁচ বছর পর সীল করে দেওয়া হয়।

শ্রেণি 4: একটি প্রোগ্রাম বা ফ্যাসিলিটিতে এরকম একটি অবস্থা যা সার্ভিস গ্রহণকারী মানুষের ক্ষতি করে বা ক্ষতির ঝুঁকি থাকে। শ্রেণি 4 এ এরকম উদাহরণ রয়েছে যাতে প্রমাণিত হয় যে সার্ভিস গ্রহণকারী ব্যক্তি নির্যাতন বা অবহেলার স্বীকার হয়েছেন, তবে অপরাধী সনাক্ত করা সম্ভব নয়।

কেন কোনো একটি নির্যাতন বা অবহেলার ঘটনার সম্পৃক্ততা "অপ্রমাণিত" হিসেবে নির্ধারিত হতে পারে?

বিভিন্ন কারণে সম্পৃক্ততা "অপ্রমাণিত" হিসেবে নির্ধারণ করা হতে পারে। হয়তো নির্যাতন বা অবহেলার ঘটনা ঘটেছে এটি নিশ্চিত করবার জন্য যথেষ্ট প্রমাণ নেই বা ঘটনার জন্য দায়ী নির্দিষ্ট ব্যক্তিকে খুঁজে পাওয়া যায়নি।

একটি অপ্রমাণিত ফলাফল এর ফলে অন্যান্য প্রভাবসমূহকে ব্যবহৃত করতে পারে না, যার মধ্যে সম্ভাব্যভাবে রয়েছে চাকরি ক্ষেত্রে শাস্তি, অতিরিক্ত নজরদারি, প্রশিক্ষণ বা অন্যান্য সংশোধনমূলক পদক্ষেপসমূহ।

তদন্তের ফলাফলের নির্ধারণ কে করেন?

আইন কেন্দ্র একটি চূড়ান্ত ফলাফল নির্ধারণ করেন যেখানে নির্যাতন বা অবহেলার ঘটনার সম্পৃক্ততা প্রমাণিত হয়, যদি প্রমাণিত হয়, তবে শ্রেণিগত স্তর অনুযায়ী জড়িত ব্যক্তির জন্য আইন কেন্দ্র প্রমাণিত বা অপ্রমাণিত ফলাফল জারি করেন।

আমি কীভাবে একটি তদন্তের ফলাফল পেতে পারি?

আপনি যদি **ক্ষতিগ্রস্ত ব্যক্তি** হয়ে থাকেন, তবে ফলাফলের চিঠি (একে বলে “লেটার অব ডিটারমাইনেশন”) আপনার বা আপনার ব্যক্তিগত প্রতিনিধির জন্য জারি করা হবে। একই তারিখে, আইন কেন্দ্রআপনার সংস্থা বা প্রোগ্রামের পরিচালককে, আপনার ফেসিলিটি বা প্রোগ্রামকে সার্টিফাই করে বা লাইসেন্স প্রদান করে যে স্টেট ওভারসাইট এজেন্সি সেটি, এবং তদন্তের ফলাফলে উল্লেখিত ব্যক্তি(গণ) (যেমন, নিয়োজিত ব্যক্তি, স্বেচ্ছাসেবক, ইন্টার্ন, কনসালটেন্ট, কনট্রাকটর) কে জানাবেন। এদের সবাইকে জানানো হবে যে সম্পৃক্ততা প্রমাণিত হয়েছে কি হয়নি। যদি আপনাকে **সাক্ষী** বা ব্যক্তিগত প্রতিনিধি বা সাক্ষীর অভিভাবক হিসেবে আপনার সাক্ষাতকার নেওয়া হয়, তবে আপনি তদন্তের ফলাফলের তথ্য পাবেন না।

“আপীল” সংক্রান্ত বিজ্ঞপ্তি এর অর্থ কী?

নির্যাতন বা অবহেলার প্রমাণিত রিপোর্ট এর ব্যক্তিগণ (যেমন, নিয়োজিত ব্যক্তি, স্বেচ্ছাসেবক, ইন্টার্ন, কন্সাল্টেন্ট, কনট্রাক্টর) এর ফলাফলের ব্যাপারে চ্যালেঞ্জ করার অধিকার রয়েছে এবং এটি 40 দিনের মধ্যে করতে হবে। বিষয়ভিত্তিক শ্রেণি নির্বিশেষে প্রমাণিত রিপোর্টকে চ্যালেঞ্জ করা যেতে পারে। যদি আপীলের জন্য আবেদন করা হয় তবে সেবা গ্রহীতার ব্যক্তিগত প্রতিনিধিকে জানানো হবে। আপীল প্রক্রিয়া ফলাফলের পর্যায়ে থাকাকালীন সময়েও একটি বিজ্ঞপ্তি পাঠানো হবে। ব্যক্তির আপীল প্রক্রিয়া সংক্রান্ত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে *প্রশাসনিক আপীল প্রক্রিয়ার বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী* ভিজিট করুন: www.justicecenter.ny.gov/investigations-prosecution/adjudication/admin-appeals-faq.

কী হবে যদি একজন স্ট্যাফকে শ্রেণি 1 এর অপরাধে দোষী সাব্যস্ত করা হয়?

জাস্টিস সেন্টার স্ট্যাফ এক্সক্লুশন লিস্ট (এসইএল) নামে পরিচিত পুরো স্টেটজুড়ে একট রেজিস্টার বজায় করে যেখানে সকল ব্যক্তিদের (যেমন, নিয়োজিত ব্যক্তি, স্বেচ্ছাসেবক, ইন্টার্ন, কনসালটেন্ট, কনট্রাকটর) নাম রয়েছে যারা শ্রেণি 1 অপরাধের জন্য দোষী, যেখানে কিছু গুরুতর নির্যাতন এবং অবহেলার অপরাধও অন্তর্ভুক্ত। আরও সংযুক্তি হিসেবে, তিন বছরের মধ্যে যদি দুইটি শ্রেণি 2 অপরাধ করা হয়ে থাকে তবে তাকে শ্রেণি 1 এ উন্নীত করা হয়, এবং ব্যক্তিকে এসইএল এ অন্তর্ভুক্ত করা হয়। এসইএল এ অন্তর্ভুক্ত ব্যক্তিগণ যেকোনো স্টেট পরিচালিত, সার্টিফাইড বা লাইসেন্সড এজেন্সি বা সরবরাহকারী যারা বিশেষ চাহিদা সংক্রান্ত মানুষদের সেবা প্রদান করে তাদের কারো দ্বারাই চাকরিতে নিযুক্ত হতে পারবেন না।

সেবা প্রদানকারীদের স্ট্যাফ নিযুক্ত করার পূর্বে এসইএল তালিকা চেক করা আবশ্যক। এসইএল কোনো সর্বসাধারণের জন্য প্রকাশিত তালিকা নয়, এটি শুধুমাত্র সেবা প্রদানকারী এজেন্সির জন্য নিয়োগের পূর্ববর্তী স্ক্রিনিং এর অংশ হিসেবে অনুমোদিত।

আরও তথ্যের জন্য

ব্যক্তি এবং পরিবারসমূহের জন্য আইন কেন্দ্র কী কী সহায়তা প্রদান করে থাকে?

ইনডিভিজুয়াল অ্যান্ড ফ্যামিলি সাপোর্ট ইউনিট (আইএফএসইউ) হলো নির্যাতন বা অবহেলিত ব্যক্তি, তাদের পরিবার, ব্যক্তিগত প্রতিনিধি এবং অভিভাবকদের জন্য একটি সেবা। আইএফএসইউ বিভিন্ন ক্ষেত্রে সহায়তা প্রদান করে থাকে, যার মধ্যে নিম্নোক্ত ক্ষেত্রসমূহ অন্তর্ভুক্ত:

- রিপোর্টিং এবং তদন্ত প্রক্রিয়া সংক্রান্ত সহায়তা এবং তথ্য প্রদান
- ফৌজদারি কেস এবং কার্যাবলী চলাকালীন সহায়তা
- ক্ষতিগ্রস্থ ব্যক্তির সাক্ষাৎকার প্রদানে সহায়তা
- কেসের অবস্থার আপডেট,

সকল সেবা বিনামূল্যে প্রদান করা হয়।

ইনডিভিজুয়াল অ্যান্ড ফ্যামিলি সাপোর্ট ইউনিট সোমবার থেকে শুক্রবার সকাল 8:30 থেকে বিকেল 4:30 ঘটিকা পর্যন্ত চালু থাকে। অ্যাডভোকেটের সাথে যোগাযোগের জন্য:

কল করুন: টোল-ফ্রি নম্বর 1-800-624-4143 এ যোগাযোগ করুন এবং ইনডিভিজুয়াল অ্যান্ড ফ্যামিলি সাপোর্টেরজন্য আবেদন করুন। রিলে ব্যবহারকারী, অনুগ্রহ করে 7-1-1 ডায়াল করুন এবং অপারেটরকে 1-800-624-4143 নম্বরটি বলুন। অনুবাদ সেবা উপলব্ধ।

ই-মেইল: supportcoordinator@justicecenter.ny.gov

ফ্যাক্স: (518) 457-5180

ওয়েব ফরম: www.justicecenter.ny.gov/contact-individual-and-family-support-unit

অক্ষমতা-সংক্রান্ত সমস্যা এবং সেবার পাওয়ার জন্য আমি কোথায় যেতে পারি?

জাস্টিস সেন্টার ইনফরমেশন অ্যান্ড রেফারাল ইউনিট উপলব্ধ রয়েছে যাদের অক্ষমতা সংক্রান্ত ব্যাপারে প্রশ্ন এবং উদ্বেগ রয়েছে এবং এটি ব্যক্তিকে সঠিক প্রোগ্রাম এবং সেবার সাথে যুক্ত করে।ইনফরমেশন এন্ড রেফারাল ইউনিট এর প্রতিনিধিরা সোমবার থেকে শুক্রবার সকাল 8:30 থেকে বিকেল 4:30 ঘটিকা পর্যন্ত উপলব্ধ রয়েছেন।

টোল-ফ্রি কল করুন 1-800-624-4143 বা ই-মেইল করুন infoassistance@justicecenter.ny.gov.

আমি কীভাবে নির্যাতন বা অবহেলার ব্যাপারে রিপোর্ট করব?

নির্যাতন এবং অবহেলার ব্যাপারে রিপোর্ট করতে, টোল-ফ্রি কল করুন, 24/7, এই নম্বরে 1-855-373-2122 অথবা 1-855-373-2123 (টিটিওয়াই)।

ঘটনা পর্যালোচনার প্রক্রিয়া

1 ইনটেক একটি অভিযোগ ভালনারেবল পারসনস সেন্টার রেজিস্টারে রিপোর্ট করা হয়।

2 শ্রেণিবিন্যাস অভিযোগটি শ্রেণিকরণ করা হয় যে এটি রিপোর্ট করার মত (যেমন নির্যাতনের ঘটনা) নাকি রিপোর্ট না করার মত ঘটনা (যেমন সাধারণ অনুসন্ধান)।

3 তদন্ত নির্যাতন এবং অবহেলার তদন্তের জন্য, আইন কেন্দ্র সবথেকে গুরুতর ঘটনাসমূহ তদন্তের দায়িত্ব নেবে এবং তুলনামূলকভাবে কম গুরুতর ঘটনাসমূহ অন্যান্য যথাযথ এজেন্সিতে পাঠিয়ে দেবে। যদি আইন কেন্দ্র তদন্ত করে, তবে কেসটি আইন কেন্দ্রতদন্তকারীকে দেওয়া হবে।

4 সিদ্ধান্ত নির্যাতন বা অবহেলার তদন্ত সম্পন্ন হওয়ার পর – আইন কেন্দ্র, স্টেট ওভারসাইট এজেন্সি, বা সেবা প্রদানকারী যারা তদন্ত সম্পন্ন করেছেন নির্বিশেষে – আইন কেন্দ্র কেসটি পর্যালোচনা করবে এবং এটা নির্ধারণ করবে যে প্রতিটি অভিযোগ **প্রমাণিত বা প্রমাণিত**। অপ্রমাণিত রিপোর্টসমূহ তৎক্ষণাৎ সীল করে দেওয়া হবে। অপ্রমাণিত রিপোর্ট এর জন্য অন্য কোনো প্রতিরোধমূলক প্রভাব থাকে না, যার মধ্যে শাস্তিমূলক ব্যবস্থাও অন্তর্ভুক্ত।

5 প্রসিকিউশন প্রমাণিত অপরাধ কেসের জন্য, প্রসিকিউশন অনুসরণ করা হতে পারে।

6 এসইএল শ্রেণি 1 ফলাফলের ব্যক্তিগণ স্ট্যাফ এক্সক্লুশন লিস্ট (এসইএল) এর মধ্যে অন্তর্ভুক্ত হবেন।

7 আপীল তদন্তের ফলাফল চ্যালেঞ্জ করার অধিকার অভিযুক্ত ব্যক্তির রয়েছে।